

# পরীক্ষা না দিয়েও পাস ছাত্রলীগ নেতৃ, নেই প্রতিকার

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

পরীক্ষা না দিয়েও পাস করেছেন নিষিদ্ধ ছাত্রলীগের বেগম

রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখার সাংগঠনিক সম্পাদক ও

গণিত বিভাগের শিক্ষার্থী সুরাইয়া ইয়াসমিন ঐশ্বী। এ ঘটনায় তিনি

সদস্যের একটি তদন্ত কমিটি হলেও ছয় মাসেও প্রতিবেদন জমা

দেওয়া হয়নি।

জানা যায়, গত বছরের ডিসেম্বরে গণিত বিভাগের স্নাতকোত্তর

প্রথম সেমিস্টারের মিডটার্ম পরীক্ষা অনুষ্ঠিত হয়। ওই পরীক্ষায়

অংশ না নিয়েও পাস করেছেন সুরাইয়া ইয়াসমিন ঐশ্বী।

বিষয়টি জানাজানি হলে গত ২২ জানুয়ারি বিশ্ববিদ্যালয় প্রশাসন

তিনি সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করে।

সহপাঠীদের দাবি, তারা ঐশ্বীকে মিডটার্ম পরীক্ষায় অংশ নিতে  
দেখেননি। গত বছরের ১৬ জুলাই ছাত্রলীগের হামলায় আবু সাঈদ  
মারা যাওয়ার পর থেকে তিনি আত্মগোপনে রয়েছেন। এ বিষয়ে  
জানতে চাইলে শুরুতে ঐশ্বী ফোন রিসিভ করেননি।

পরে হোয়াটসঅ্যাপে তিনি পরীক্ষায় অংশগ্রহণের দাবি করেন।

তার বক্তব্য এবং উপস্থিতির তথ্যে গরমিল হলে বিতর্ক আরো  
ঘনীভূত হয়।

এ ঘটনায় বিশ্ববিদ্যালয়জুড়ে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হলে অভিযুক্ত  
বিশ্ববিদ্যালয়ের শিক্ষক গণিত বিভাগের অধ্যাপক ড. রংগুল  
আমিনকে অর্থ দণ্ডের পরিচালকের পদ থেকে সরিয়ে দেওয়া  
হয়। তার বিরুদ্ধে আর কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

তদন্ত প্রতিবেদন জমা না দেওয়ায় ক্ষেত্র প্রকাশ করেছেন বেরোবি  
ছাত্রদলের আহ্বায়ক আমিন আল আমিন। তিনি বলেন, ‘যারা  
জুলাই আন্দোলনে সাধারণ শিক্ষার্থীদের ওপর হামলা চালিয়েছে,  
তাদের নেতৃী কিভাবে পরীক্ষা না দিয়ে পাস করেন? এখানে  
শিক্ষকদেরও সংশ্লিষ্টতা রয়েছে। তদন্ত কমিটি গঠন হলেও ব্যবস্থা  
নেওয়া হচ্ছে না।’

তদন্ত কমিটির আহ্বায়ক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী  
অধ্যাপক তানজিউল ইসলাম জীবন সাংবাদিকদের বলেন,  
‘প্রতিবেদন প্রায় তৈরি আছে। এখন জমা দেওয়ার বাকি।

দুই-এক দিনের মধ্যে জমা দেওয়া হবে।'